

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ৮১৩ /১৮

তারিখ: ০১ ~~জুলাই~~ ১৪২৫বাং
০৫ মে ২০১৮ খ্রি:

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি/ সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/ বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/ এরিয়া অফিস/ সকল শাখা
এবং সাসিডিয়ারী কোম্পানী।

বিষয় : শিক্ষা সহায়ক ভাতার বয়স ভিত্তিক প্রাপ্যতা প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ০১ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ/১৫ই ডিসেম্বর, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখে এসআরও নং-৩৭১-আইন-২০১৫ এর মাধ্যমে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যা 'চাকরি (ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ শিরোনামে জাতীয় বেতন স্কেল, ২০১৫ জারী করা হয়। ৩০-১২-২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ড অব ডিরেক্টরস এর ৪০৬তম সভায় উক্ত বেতন স্কেল অত্র ব্যাংকের সকল স্তরের স্থায়ী নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীদের অনুকূলে হুবহু কার্যকর করার অনুমোদন দানের প্রেক্ষিতে 'জাতীয় বেতন স্কেল, ২০১৫ বাস্তবায়ন প্রসঙ্গে' শিরোনামে নির্দেশ বিজ্ঞপ্তি নং-৬৬২/১৬ তারিখ: ০৭ জানুয়ারী, ২০১৬ জারী করা হয়।
উক্ত নির্দেশ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয় যে, 'জাতীয় বেতন স্কেল- ২০১৫ বিষয়ে পরবর্তীতে সরকার কর্তৃক জারীকৃত সংশোধন অনুসরণ করা হবে'।

২। জাতীয় বেতন স্কেল- ২০১৫ এর ১৯ নং অনুচ্ছেদে নিম্নরূপ উল্লেখ আছে;

উদ্ধৃত

“১৯। শিক্ষা সহায়কভাতা।- সকল কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ৫০০(পাঁচ শত) টাকা হারে এবং অনধিক ২(দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ১০০০(এক হাজার) টাকা শিক্ষা সহায়কভাতা প্রদেয় হইবে। তবে, স্বামী ও স্ত্রী উভয়ই সরকারি কর্মচারী হইলে সন্তান সংখ্যা যে কোন একজনের ক্ষেত্রে গণনা করিয়া ভাতার পরিমাণ নির্ধারণ করিতে হইবে।
শিক্ষা সহায়কভাতা বয়সের সার্টিফিকেট দাখিল সাপেক্ষে ২১ বৎসর পর্যন্ত বয়সী সন্তানেরা প্রাপ্য হইবেন।” অনুদ্ধৃত।

৩। এক্ষণে, উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ (প্রবিধি অনুবিভাগ) এর আদেশ বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা তারিখ: বুধবার, জানুয়ারি ৩১, ২০১৮ বি জি প্রেস এর ওয়েবসাইটে প্রকাশিত হয় যা হুবহু নিম্নে উদ্ধৃত করা হল।

উদ্ধৃত

“তারিখ: ১৬ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/২৯ জানুয়ারি ২০১৮খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৪১-আইন/২০১৮।-Services(Reorganization and Conditions) Act,1975(Act No.XXXII of 1975) এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকরি (ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল,


যথা:-


উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১৯ এর চতুর্থ লাইনে উল্লিখিত “শিক্ষা সহায়ক ভাতা বয়সের সার্টিফিকেট দাখিল সাপেক্ষে ২১ বৎসর পর্যন্ত বয়সী সন্তানেরা প্রাপ্য হইবেন” শব্দগুলি ও সংখ্যা এর পরিবর্তে “বয়সের সার্টিফিকেট দাখিল সাপেক্ষে ২৩ (তেইশ) বৎসর পর্যন্ত বয়সী সন্তানেরা শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্য হইবেন” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।” অনুদ্ধৃত।

এমতাবস্থায় কর্তৃপক্ষের নির্দেশক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

আপনার বিশ্বস্ত,


মোস্তফা হাইফুল হক
উপমহাব্যবস্থাপক
-


নাহিমা আক্তার
মহাব্যবস্থাপক